গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত মহানগর দায়রা জজ
১ম আদালত-এর কার্যালয়, চট্টগ্রাম।
https://metrochattogram.judiciary.gov.bd

স্মারক নং ঃ ২২ | তারিখ ঃ ১৮.০৯.২০২৪ খ্রিস্টাব্দ।

# নিয়োগ বিজ্ঞপ্তি

মহানগর দায়রা জজ আদালত, চট্টগ্রামের জন্য নিম্নবর্ণিত শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত বর্ণিত শর্তসাপেক্ষে উল্লেখিত পদের বিপরীতে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশি নাগরিকদের নিকট হতে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | শিক্ষাগত যোগ্যতা | বেতন স্কেল | শূন্য পদের সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১ | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) কম্পিউটারে দক্ষতা; এবং<br>গ) সাঁটলিপি লিখনে ইংরেজি ও বাংলায় প্রতি মিনিটে গতি যথাক্রমে ৮০ ও ৫০ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষর ইংরেজি ও বাংলায় প্রতি মিনিটে গতি যথাক্রমে ৩০ ও ২৫ শব্দ থাকতে হবে। | ১১০০০-২৬৫৯০(গ্রেড-১৩) | ০১টি |
| ০২ | গাড়ি চালক | ক। অষ্টম শ্রেণি পাশ; এবং<br>খ। মোটরগাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হতে হবে, তবে অভিজ্ঞ প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন। | ৯৩০০-২২৪৯০/-(গ্রেড-১৬) | ০১টি |

## শর্তাবলী

১। প্রার্থীকে চেয়ারম্যান, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও অতিরিক্ত মহানগর দায়রা জজ, ১ম আদালত, চট্টগ্রাম বরাবরে স্বহস্তে লিখিত আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) নিজ জেলা (ছ) জন্ম তারিখ (জ) ১৮.০৯.২০২৪ খ্রি. তারিখে প্রার্থীর বয়স (ঝ) জাতীয়তা (ঞ) জাতীয় পরিচয়পত্র নম্বর (ট) ধর্ম (ঠ) শিক্ষাগত যোগ্যতা (ড) অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।

২। আবেদনপত্র আগামী ০৭.১০.২০২৪ খ্রি. তারিখ বেলা ০৫.০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন ডাকযোগে অথবা সরাসরি চেয়ারম্যান, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি, অতিরিক্ত মহানগর দায়রা জজ, প্রথম আদালতের কার্যালয়, চট্টগ্রাম বরাবরে পৌঁছাতে হবে। উক্ত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৩। ১৮.০৯.২০২৪ খ্রি. তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছর হতে হবে। তবে প্রার্থী যদি মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হন সেক্ষেত্রে তাদের বয়সসীমা ৩২(বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের আবেদনপত্রের সহিত পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত ফটোকপি (যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) দাখিল করতে হবে। বয়সের ক্ষেত্রে কোন হলফনামা গ্রহণযোগ্য হবে না।

৪। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ-

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
(খ) গাড়ি চালক পদের প্রার্থীদের বৈধ ড্রাইভিং লাইসেন্সের সত্যায়তি অনুলিপি।
(গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।
(ঘ) প্রথম শ্রেণির গেজেটড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(ঙ) স্থানীয় সিটি কর্পোরেশন বা পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রদত্ত নাগরিকত্ব সনদের অনুলিপি।
(চ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
(ছ) প্রার্থীর নাম ঠিকানাসহ ১০/-(দশ) টাকার ডাক টিকিট সম্বলিত ৯.৫ ইঞ্চি x ৪.৫ ইঞ্চি মাপের একটি ফেরত খাম।

৫। চাকরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৬। পরীক্ষার ফি বাবদ ছকে বর্ণিত ০১ ও ও ০২ নং পদের জন্য ২০০/-(দুইশত) টাকা বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক লিমিটেড-এর ট্রেজারী চালানের মাধ্যমে ১-২১৪১-০০০০-২০৩১ নম্বর কোডে জমা প্রদান করতঃ চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৭। ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৮। উপযুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ, সময় ও স্থান প্রবেশ পত্রের মাধ্যমে জানানো হবে এবং https://metrochattogram.judiciary.gov.bd ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

৯। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।

১০। পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

১১। খামের উপর অবশ্যই পদের নাম ও নিজ জেলা উল্লেখ করতে হবে।

১২। বিজ্ঞাপিত পদের সংখ্যা প্রয়োজনে কম/বেশি করার এবং এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩। প্রচলিত নিয়োগ বিধি/প্রচলিত মুক্তিযোদ্ধা কোটাসহ অন্যান্য কোটা/নিয়োগ সংক্রান্ত সরকারের অপরাপর বিধি/আদেশ ও আনুষ্ঠানিকতা যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৪। ছবি ও প্রয়োজনীয় কাগজপত্র সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার নাম ও সীল ব্যবহৃত হতে হবে।

১৩। নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

Kamal ২৮.০৯.২০২৪
(মোহাম্মদ কামাল হোসেন শিকদার)
অতিরিক্ত মহানগর দায়রা জজ
প্রথম আদালত, চট্টগ্রাম
ও
চেয়ারম্যান
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
চট্টগ্রাম।

উপ-মহাব্যবস্থাপক
দৈনিক সমকাল
চট্টগ্রাম।

আগামীকাল ২৯শে সেপ্টেম্বর ভিতরের পাতায় প্রকাশিত হবে।

মোঃ কামাল হোসেন শিকদার
অতিরিক্ত মহানগর দায়রা জজ
১ম আদালত, চট্টগ্রাম।

২৯.০৯.২৪